

মুক্তিয

প্রিন্ট: ২১ সেপ্টেম্বর ২০২৫, ১০:২৫ এএম

শিক্ষাজ্ঞন

চাকসু নির্বাচনে মনোনয়ন জমা দিলেন ৯৩৯ প্রার্থী



চবি প্রতিনিধি

প্রকাশ: ১৮ সেপ্টেম্বর ২০২৫, ১০:১৭ পিএম



শেষদিনে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (চাকসু) ও হল সংসদ নির্বাচনের বিভিন্ন পদে ৯৩১ প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। কেন্দ্রীয় ছাত্র সংসদে (চাকসু) মনোনয়ন জমা দিয়েছেন ৪২৯ জন।

অন্যদিকে হল সংসদে ৫০২ জন মনোনয়ন জমা দিয়েছেন। ছেলেদের হলে মনোনয়ন জমা দিয়েছেন ৩৫৬ জন, মেয়েদের হলে জমা দিয়েছেন ১৪৬ প্রার্থী।

হলভিত্তিক মনোনয়ন জমা

আলাওল হলে ৩৩ জন, এফ রহমান হলে ৩৮ জন, শাহজালাল হলে ৩৬ জন, শাহ আমানত হলে ৪৩ জন, সোহৱাওয়াদী হলে ৫৩ জন, শহীদ আব্দুর রব হলে ৩১ জন, মাস্টারদা সুর্যসেন হলে ৩৭ জন, শহীদ ফরহাদ হোসেন হলে ৪৭ জন, অতীশ দীপক্ষৰ হলে ৩৮ জন, শিল্পী রশীদ চৌধুরী হোস্টেলে ২১ জন, শামসুন নাহার হলে ১২ জন, প্রীতিলতা হলে ১৬ জন, দেশনেত্রী বেগম খালেদা জিয়া হলে ৩১ জন, বিজয় ২৪ হলে ২৯ জন, নবাব ফয়জুন্নেছা হলে ১৭ জন মনোনয়ন জমা দিয়েছেন।

রোববার (১১ সেপ্টেম্বর) মনোনয়নপত্র যাচাই-বাচাই এবং সোমবার (১২ সেপ্টেম্বর) প্রার্থীদের প্রাথমিক তালিকা প্রকাশের নতুন তালিকা প্রকাশ করেছে নির্বাচন কমিশন।